অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/14/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে চোবানি (CHOBANI) প্রায় 300,000 পণ্য দান করেছেন যারা সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগ এবং মানব সৃষ্ট সংকট দ্বারা প্রভাবিত হয়েছেন তাদের সাহায্য করার জন্য

200,000 পণ্য হারিকেন আইডার ত্রাণে এবং আরো 100,000 আফগান বাস্তুচ্যুতদের এবং মার্কিন সামরিক সদস্যদের জন্য প্রদান করা হবে

নিউ ইয়র্কের ব্যবসা এবং আবাসিকদের সহায়তার হাত প্রসারিত করতে উৎসাহিত করে

ছবি পাওয়া যাবে এখানে এবং ভিডিও পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ভিত্তিক খাদ্য প্রস্তুতকারক চোবানি নিউ ইয়র্ক ইয়োগার্ট সহ প্রায় 300,000 পণ্য দান ও সরবরাহ করে হারিকেন আইডার দ্বারা প্রভাবিত পরিবারগুলি এবং মার্কিন সামরিক ঘাঁটিতে থাকা আফগানিস্তান থেকে বাস্তুচ্যুত পরিবারগুলিকে সাহায্য করছে। হারিকেন আইডার পর, এবং আফগানিস্তান থেকে বাস্তুচ্যুত শরণার্থীদের দেখাশোনা করা আমাদের সৈন্যদের সহায়তা করার জন্য, চোবানি কোম্পানির আপস্টেট নিউ ইয়র্ক প্লান্ট থেকে নিউ ইয়র্ক সিটি এলাকা, লুইজিয়ানা এবং নিউ জার্সিতে খাবার ভর্তি ট্রাক পাঠাচ্ছে। রাজ্যের কৃষি কমিশনার (State Agriculture Commissioner) রিচার্ড এ. বল আজ চোবানি এবং ইউটিকার শরণার্থী কেন্দ্রের প্রতিনিধিদের সাথে যোগদান করেছেন একটি ট্রেলার লোড করতে সাহায্য করতে যা আইডার পথে থাকা নিউ ইয়র্কের মামারোনেককে ত্রাণ পৌঁছে দেবে এবং নিউ ইয়র্কের অন্যান্য ব্যবসাগুলিকে উৎসাহিত করবে যেখানে তাদের পক্ষে সম্ভব সাহায্য করার জন্য।

"নিউ ইয়র্ক বিশ্ব জুড়ে মানুষের কাছে এক আশার আলো, এবং চোবানির দান আজ আমাদের উদারতা এবং চেতনাকে তুলে ধরে যা বিশ্বব্যাপী প্রশংসিত," **গভর্নর হোচুল বলেন।** "আমি সমস্ত ব্যবসাগুলিকে এবং নিউ ইয়র্কবাসীদের যারা সাহায্য করতে চান তাদের উৎসাহিত করছি চোবানির দৃষ্টান্ত অনুসরণ করতে যাতে যারা আইডার দ্বারা প্রভাবিত হয়েছিলেন এবং আফগানিস্তান থেকে বাস্তুচ্যুত হয়েছেন তাদের পুনরুদ্ধার এবং পুনর্বাসনের উদ্দেশ্যে সহায়তার জন্য তাদের পক্ষে যতটা সম্ভব দান করতে।"

চোবানি ট্রাকের মাধ্যমে নিউ ইয়র্কে প্রস্তুত দই সহ আনুমানিক 100,000টি পণ্য পাঠাচ্ছে, মহানগর নিউ ইয়র্ক সিটি এবং আশেপাশের এলাকার খাদ্য ব্যাংকগুলিতে এবং আরো 100,000 পণ্য পাঠাচ্ছে লুইসিয়ানাতে, যা হারিকেন আইডার ধ্বংসের পথে যারা ছিলেন তাদের সাহায্য করার জন্য। বৃহস্পতিবার নিউ ইয়র্কের মামারোনেকে, চোবানি সেপ্টেম্বরের শুরুতে নিউ ইয়র্ক এলাকায় আইডার দ্বারা প্রভাবিত 300 জনকে খাওয়ানোর জন্য সাহায্য করবে।

উপরন্তু, USO-র সঙ্গে অংশীদারিত্ব করে, চোবানি এক ট্রাক নিউ ইয়র্কে তৈরি দই সহ প্রায় 100,000 কাপ পণ্য পাঠাচ্ছে, সেন্ট্রাল নিউ ইয়র্কের তার কারখানা থেকে ভার্জিনিয়ার ফোর্ট লি এবং নিউ জার্সির নতুন জয়েন্ট বেস ম্যাকগায়ার-ডিক্স-লেকহারশটে (Joint Base McGuire-Dix-Lakehurst), যেখানে আফগান বাস্তুচ্যুতদের রাখা হয়েছে এবং মার্কিন সেনাবাহিনীর সদস্যরা তাদের সহায়তা প্রদান করছেন।

চোবানির মিশন হল সবার জন্য ভালো খাবার তৈরি করা,সম্প্রদায়কে উন্নত করা এবং বিশ্বকে একটি স্বাস্থ্যকর জায়গা বানানোর সাথে। এটি মহামারী চলাকালীন উপকূল থেকে উপকূলে 4.5 মিলিয়নেরও বেশি পণ্য দান - এবং রাজ্যের দুধ বাই-ব্যাক কর্মসূচি নারিশ নিউ ইয়র্কে, অংশ নেওয়া সহ, তাদের বিপন্ন সম্প্রদায়গুলিকে সহায়তা প্রদান করার এক দীর্ঘ ইতিহাস আছে। তারা হলিডে মিলস ফর মিলিটারির মত কর্মসূচিতেও অংশগ্রহণ করে এবং দইয়ের একটি বিশেষ সীমিত সময়ের PB&J ফুড ব্যাংক ব্যাচ তৈরি করেছে, শিশু-কেন্দ্রিক কর্মসূচিতে সহায়তা করার জন্য ফিডিং আমেরিকা খাদ্য ব্যাঙ্কগুলিকে লাভের 100% দান করে।

কৃষি কমিশনার বল বলেন, "নিউ ইয়র্কবাসীরা সব সময় প্রয়োজনে আমাদের প্রতিবেশীদের সাহায্য করতে এগিয়ে আসে, যেমন গত দেড় বছর বারবার প্রমাণিত হয়েছে। আমি চোবানিকে ধন্যবাদ জানাই সুস্থ, সুস্বাদু নিউ ইয়র্কের দুগ্ধজাত দ্রব্য অভাবগ্রস্ত পরিবারদের দান করার উদ্দেশ্যে আজ নেতৃত্ব দেওয়ার জন্য, এবং আমি অন্যদের চোবানির নেতৃত্ব অনুসরণ করতে উৎসাহিত করছি।"

চোবানির প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা হামদি উলুকায়া বলেন, "আমরা গত তিন সপ্তাহ ধরে সংকটের এক অবিশ্বাস্য ধারাবাহিকতা দেখেছি - প্রাকৃতিক এবং মানবিক, দেশীয় এবং বিশ্বব্যাপী, উভয়ই। একটি খাদ্য সংস্থা হিসাবে, আমরা এই রকম বড় প্রয়োজন এবং ক্ষতির সময়ে পুষ্টিকর খাবারের মূল্য জানি। এখনও অনেক নিরাময় এবং পুনর্নির্মাণ এবং পুনর্বাসন করার আছে, একটি সংস্থা এবং রাজ্য হিসাবে আমাদের সকলেরই নিজের দায়িত্ব পালন করা উচিত, মানুষ যাতে খেতে এবং যত্ন পায় তা নিশ্চিত করার জন্য আমাদের বাহু এবং হৃদয় উন্মুক্ত করা উচিত। ধন্যবাদ, গভর্নর হোচুল, দৃষ্টান্তমূলক নেতৃত্বের জন্য এবং সমস্ত নিউ ইয়র্কবাসীকে তাদের প্রতিবেশীদের সাহায্য করার জন্য উৎসাহিত করার জন্য।"

গভর্নর ক্যাথি হোচুল সেপ্টেম্বর 6 তারিখে ঘোষণা করেছেন যে প্রেসিডেন্ট বাইডেন একটি ত্বরান্বিত প্রধান দুর্যোগের ঘোষণা অনুমোদন করেছেন যা স্থানীয় সরকার এবং নিউ ইয়র্কবাসীদের জন্য ফেডারেল আর্থিক ত্রাণ প্রদান করতে সহায়তা করবে এবং হারিকেন আইডার অবশিষ্টাংশের কারণে সৃষ্ট বন্যার ফলে হওয়া ক্ষতি থেকে পুনরুদ্ধার করছে এমন যোগ্য নিউ ইয়র্কবাসীদের জন্য ব্যক্তিগত ও সরকারি সহায়তা প্রদান করবে। স্বতন্ত্র ও সরকারি সহায়তার ঘোষণার আওতায় থাকা কাউন্টিগুলির মধ্যে রয়েছে: ব্রঙ্কস, কুইন্স, কিংস, রিচমন্ড এবং ওয়েস্টচেস্টার। এই সময়ে, নিউ ইয়র্ক কাউন্টি কেবল সরকারি সহায়তার জন্য অন্তর্ভুক্ত হয়েছে। নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের প্রয়োজনীয় অতিরিক্ত ত্রাণ পান তা নিশ্চিত করতে গভর্নর ফেডারল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) এবং ফেডারেল, রাজ্য এবং স্থানীয় অংশীদারদের সাথে কাজ করা চালিয়ে যাবেন। যে নিউ ইয়র্কবাসীরা বাস্তুচ্যুত হয়েছেন, যাদের মধ্যে আছে বিমাহীন পরিবারগুলি, তারা আবাসন

সহায়তার জন্য তহবিলের জন্য যোগ্য হবেন, এবং তার সাথে সংকটকালীন পরামর্শ, বেকারত্ব সহায়তা, বাড়ির মেরামত এবং আইনি পরিষেবা জন্যও যোগ্য হবেন।

গভর্নর হোচুল এ কথাও আগে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট আফগানিস্তান জুড়ে ছড়িয়ে পড়া সহিংসতা এবং অস্থিতিশীল অবস্থা থেকে পালিয়ে আসা আফগানদের স্বাগত জানাতে প্রস্তুত। নিউ ইয়র্কে পুনর্বাসনে আগ্রহীদের সাহায্য করতে এবং নিগ্রহ বা যুদ্ধ থেকে পালিয়ে আসা লোকজনকে স্বাগত জানানোর স্টেটের গর্বিত ঐতিহ্য অব্যাহত রাখতে স্টেটের শরণার্থী পরিষেবা এবং অফিস ফর নিউ আমেরিকান্স প্রস্তুত রয়েছে। নিউ ইয়র্ক স্টেটে এসে পৌঁছানো আফগানদের সহায়তা করতে চান এমন নিউ ইয়র্কবাসীরা স্থানীয় সরবরাহকারীদের সম্পর্কে এবং তারা কিভাবে সাহায্য করতে পারেন সে সম্পর্কে তথ্য পাওয়ার জন্য 1-800-566-7636 নম্বরে অফিস ফর নিউ আমেরিকান্স হটলাইনে যোগাযোগ করতে পারেন। গোপনীয়ভাবে সাহায্য এবং সহায়তা ও পরিষেবার সাথে সংযোগের প্রয়োজন রয়েছে এমন অভিবাসীদের জন্যেও এই হটলাইন ব্যবহারের সুযোগ রয়েছে।

চোবানি সম্পর্কে

চোবানি হল একটি খাদ্য প্রস্তুতকারক যার উদ্দেশ্য আমাদের জনগোষ্ঠীকে উন্নত করে এবং বিশ্বকে একটি স্বাস্থ্যকর স্থান করে তুলতে আরও বেশি মানুষের কাছে উচ্চমানের এবং পুষ্টিকর খাবারের প্রবেশাধিকার বৃদ্ধি করা। সংক্ষেপে: সবার জন্য ভালো খাবার তৈরি করা। এই মিশনের সমর্থনে, তারা একটি মূল্যবোধ-চালিত, মানুষ-প্রথম, খাদ্য-ও-সুস্থতা-কেন্দ্রিক সংস্থা, এবং মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসী হামদি উলুকায়া 2005 সালে সংস্থাটি প্রতিষ্ঠা করার পর থেকে তাই আছে। তারা ইয়োগার্ট, ওটমিল্ক, দুগ্ধজাত-এবং-উদ্ভিদ-ভিত্তিক ক্রিমার, খাওয়ার-জন্য-প্রস্তুত কফি এবং উদ্ভিদ-ভিত্তিক প্রোবায়োটিক পানীয় উৎপাদন করে। চোবানি ইয়োগার্ট আমেরিকার 1 নম্বর দইয়ের ব্র্যান্ড, এবং এটি কৃত্রিম প্রিজারভেটিভ ছাড়া শুধু প্রাকৃতিক উপাদান দিয়ে তৈরি।

চোবানি বিশ্বে খাদ্যকে এক শুভ শক্তি হিসাবে ব্যবহার করে - আমরা যা কিছু করি তাতে মানবিকতাকে প্রাধান্য দিই। তাদের জনহিতকর প্রচেষ্টা আমাদের সমাজ এবং তা অতিক্রম করেও প্রতিদান দেওয়াকে অগ্রাধিকার দেয়: শিশুর ক্ষুধা দূর করার জন্য কাজ করা, অভিবাসী, শরণার্থী এবং স্বল্প প্রতিনিধিত্ব করা মানুষদের সহায়তা করা, প্রবীণদের সম্মান দেওয়া এবং আমাদের গ্রহকে রক্ষা করা। আমরা নিউ ইয়র্ক, আইডাহো এবং অস্ট্রেলিয়ায় আমাদের পণ্য তৈরি করি। চোবানি পণ্য উত্তর আমেরিকা জুড়ে পাওয়া যায় এবং অস্ট্রেলিয়া এবং অন্যান্য নির্বাচিত বাজারে বিতরণ করা হয়। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে www.chobani.com এ যান এবং ফেসবুক, টুইটার, ইন্সটাগ্রাম, এবং লিঙ্কডইন এ তাদের অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন